

প্রথম আলো

সোমবার

৩০ ডিসেম্বর ২০২৪, ১৫ পৌষ ১৪৩১, ২৭ জমাদিউস সানি ১৪৪৬

করপোরেট সংবাদ



ব্র্যাক ব্যাংক ও নর্থ সাউথ ইউনিভার্সিটির চুক্তি সই

নর্থ সাউথ ইউনিভার্সিটিকে আধুনিক ক্যাশ ম্যানেজমেন্ট সলিউশন সেবা দেওয়ার বিষয়ে শিক্ষাপ্রতিষ্ঠানটির সঙ্গে একটি চুক্তি করেছে ব্র্যাক ব্যাংক। সম্প্রতি ব্র্যাক ব্যাংকের হেড অব করপোরেট অ্যান্ড ইনস্টিটিউশনাল ব্যাংকিং তারেক রেফাত উল্লাহ খান ও নর্থ সাউথ ইউনিভার্সিটির উপাচার্য আব্দুল হান্নান চৌধুরী এ চুক্তিতে সই করেন। এ সময় ব্র্যাক ব্যাংকের হেড অব ট্রেনজেকশন ব্যাংকিং এ কে এম ফয়সাল হালিম, ট্রেনজেকশন ব্যাংকিংয়ের ইউনিট হেড মোহাম্মদ আরিফ চৌধুরী, হেড অব অ্যাপ্লিকেশন ডেভেলপমেন্ট অ্যান্ড এন্টারপ্রাইজ সিস্টেমস মুনতাসির রহমান, ট্রেনজেকশন ব্যাংকিংয়ের হেড অব প্রোডাক্ট জিয়া সাজিদ এবং ক্লাস্টার ম্যানেজার শেখ নাবিদুর রহমান উপস্থিত ছিলেন। **বিজ্ঞপ্তি**